

চট্টগ্রামে শিবির নিয়ন্ত্রিত মাদ্রাসায় তল্লাশি : শ্রেফতার ৫

চট্টগ্রাম ব্যুরো

হেফাজতে ইসলামের নামে আমির মুফতি ইজহারুল ইসলামের দলিখান বাজার মাদ্রাসায় গ্রেপ্তার বিস্ফোরণের ঘটনায় সিএমপি পুলিশ প্রশাসনসহ আইনশৃঙ্খলা বাহিনীর বিভিন্ন সেক্টর টেনশনে রয়েছে।

এদিকে গত সোমবার হেফাজত নেতা পরিচালিত এই মাদ্রাসায় বিস্ফোরণ এবং চট্টগ্রামে আশামী ১২ অক্টোবর প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে শিবির নিয়ন্ত্রিত দারুল উলুম মাদ্রাসায় তল্লাশি চালিয়ে পাঁচজনকে শ্রেফতার করা হয়েছে। গতকাল বিকালে চন্দনপুরায় নগর পুলিশের একটি দল এ তল্লাশি চালায়।

জানা গেছে, গোপন স্ববরের তিরিতে ইসলামি ছাত্রশিবির নিয়ন্ত্রিত দারুল উলুম মাদ্রাসায় তল্লাশি চালায় পুলিশ। এ সময় সন্দেহভাজন হিসেবে চারজনকে শ্রেফতার করা হয়। এরা হলো- জাবেদ, মো. কফিল উদ্দিন, মোহাম্মদ মনির, আবদুল কাইয়ুম ও মিজান। এ সময় বেশ কিছু গ্রিহাদি বইও উদ্ধার করা হয় বলে পুলিশ জানায়। শ্রেফতারকৃতদের মধ্যে গত সোমবার মুফতি ইজহারুল ইসলামের মাদ্রাসায় বিস্ফোরণ মামলার আশামিও রয়েছে। তার নাম মিজান। এর আগে বিকেন্দ্র পৌনে ৪টার দিকে দারুল উলুম আদিয়া মাদ্রাসাটি শতাধিক পুলিশ ঘিরে ফেলে। এরপর ভেতরে ঢুকে অভিযান শুরু করে তারা।